

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)



স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.২৩.০০২.২০-৫৫৩


তারিখ: ২৭/১০/২০২০ খ্রি।

**বিষয়: কর্মসংস্থান ব্যাংক কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ প্রদান।**

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ঋণ প্রাপ্তির বিষয়ে সরাসরি আলোচনার জন্য ২৪/১০/২০২০ তারিখে দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখার উপপরিচালক জনাব আবদুল হামিদ খান কর্মসংস্থান ব্যাংকে গমন করে উপব্যবস্থাপনা পরিচালক এর সাথে কথা বলে জানা যায় কর্মসংস্থান ব্যাংকে তাদের নিয়মিত কার্যক্রমে প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋণ প্রদান সুবিধা প্রদান করে যাচ্ছে। তবে উভয় প্রতিষ্ঠানের তরফে এখন হতে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের বিষয়টিকে অগ্রাধিকার দিতে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায় জেলা পর্যায়ের উপরিচালকগণ জেলায় কর্মরত কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপকগণের সাথে যোগাযোগ বৃদ্ধি করে (কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপকগণকে বিভিন্ন প্রশিক্ষণে আমন্ত্রণ জানানো আবেদনকারীদের প্রকল্প যৌথ পরিদর্শন এবং নিয়মিত দ্বিপাক্ষিক সভানুষ্ঠান) যুবদের জন্য সুবিধা আদায় বৃদ্ধিতে কার্যকরী ভূমিকা রাখবেন।

২। তাছাড়া 'বঙ্গবন্ধু যুবঋণ' কর্মসূচির আওতায় ২০২০ সালে ০১ (এক) লক্ষ এবং ২০২১ সালে ০১ (এক) লক্ষ মোট ০২ (দুই) লক্ষ প্রশিক্ষিত যুবকে তহবিল প্রাপ্তি সাপেক্ষে ঋণ প্রদানের পরিকল্পনা করা হয়েছে। ইতোমধ্যে কর্মসংস্থান ব্যাংক ০৭ (সাত) লক্ষাধিক প্রশিক্ষিত যুব'র তালিকা সংগ্রহ করেছে। তন্মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুব'র সংখ্যা ৪,১৫,০০০ জন। এ কর্মসূচির আওতায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবদেরকে অগ্রাধিকারভিত্তিতে ঋণ প্রদান করা হবে মর্মে উপব্যবস্থাপনা পরিচালক, কর্মসংস্থান ব্যাংক জানিয়েছেন।

৩। মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর কর্মসংস্থান ব্যাংকের পর্যদসদস্য বিধায় তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুবদের অধিক হারে ঋণ প্রদানের বিষয়টি প্রতি সভায় উপস্থাপনসহ তা বাস্তবায়নে ভূমিকা রাখবেন।

  
(আখতারুজ্জামান খান কবির)  
মহাপরিচালক  
ফোন- ৯৫৫৯৩৮৯  
Email-dgdydhq@gmail.com

সচিব  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

**অনুলিপি বিতরণ:**

০১. উপপরিচালক ..... (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর।
০২. সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪. দপ্তর নথি।